চুয়াডাঙ্গায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করার লক্ষ্যে কিশোর ও কিশোরদের নিয়ে সেমিনার

চুয়াডাঙ্গায় পুলিশ নারী কল্যাণ সমিতির পুনাকের আয়োজনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করার লক্ষ্যো এক ঝাঁক কিশোর ও কিশোরদের নিয়ে সেমিনার সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সের ড্রিল শেডে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা পুলিশ নারী কল্যাণ সমিতি পুনাকের সভানেত্রী জান্নাতুল ফেরদৌস।

সেমিনার সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা পুনাকের সভানেত্রী জান্নাতুল ফেরদৌস। এরপর শুরু হয় চুয়াডাঙ্গা জেলার শিক্ষার্থী ও কিশোর কিশোরীদের সুপথে ফেরার গল্প ও কিভাবে সুস্থ সবল জীবন গড়া যায় তা নিয়ে সবাই সবার অভিজ্ঞতা শেয়ার করে সেমিনারে। এরপর কিশোর অপরাধ বন্ধ দমন করা নিয়ে আলোচনা সভায় উঠে আসে। মাদক মুক্ত কিশোর কিশোরী গড়তে হবে। সমাজে কোন রকম কিশোর গ্যাং তৈরি করা যাবে না। আগামি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জন্য কিশোর কিশোরীদের ভুমিকা থাকবে। মাদক মুক্ত সমাজ গড়লে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করা আরও সহজ হবে বলে সভায় আলোচনা করা হয়। কিশোর কিশোরীদের স্বাস্থ্যের ঝুঁকি যাতে কোন ভাবে না হয়। সেজন্য সকল কিশোর কিশোরীদের সচেতনার তাগিদ দেয়া হয় সভায়।

এসময় সভার প্রধান অতিথি খুলনা রেঞ্জের পুলিশ নারী কল্যাণ সমিতির উপদেষ্টা রওশন জাহান নূপুর বলেন, আজকের কিশোর কিশোরীরা সামনের দিনের ভবিষ্যত। তাই কিশোর কিশোরী দের মাদক মুক্ত সমাজ গড়তে হবে। আজকের এই সেমিনারের মাধ্যমে কিশোর কিশোরীরা তারা তাদের নতুন ভাবে নিজেকে জাগ্রত করবে। আগামী বাংলাদেশ বিনির্মাণের জন্য কিশোর কিশোরীদের অবদান রাখবে। সমাজের কিশোর গ্যাং অপরাধ দমনে কাজ করবে সমাজের সকল কিশোর কিশোরীরা। কিশোর কিশোরী যাতে সুনাগরিক হিসেবে গড়ে উঠতে পারে সে জন্য এই সেমিনারের আয়োজন। সেমিনারের মাধ্যমে কিশোর কিশোরীরা নতুন ভাবে জাগরণ গড়ে তুলবে বলে মনে করি।

এসময় সেমিনার সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার